



## ঢাকা-টাঙ্গাইল মহাসড়কে ট্রাক দুর্ঘটনায় নিহত ১৫



সংগৃহীত ছবি

ঢাকা-টাঙ্গাইল মহাসড়কে রডবোম্বাই একটি ট্রাক নিয়ন্ত্রণ হারিয়ে খাদে উল্টে গেলে অন্তত ১৫ জনের মৃত্যু হয়েছে। এ ঘটনায় আহত হয়েছেন আরও অন্তত ১০ জন। সোমবার (২৫ মে) ভোর সাড়ে ৬টার দিকে যমুনা সেতুর পূর্বপাড়া সংলগ্ন এলাকায় এ দুর্ঘটনা ঘটে। এলেঙ্গা ফায়ার সার্ভিসের ইনচার্জ আতাউর রহমান জানান, ভোরের দিকে উত্তরবঙ্গগামী একটি ট্রাকে রডের পাশাপাশি কয়েকজন যাত্রীও ছিলেন। পথে মহাসড়কের সরাতেল দক্ষিণপাড়া এলাকায় পৌঁছালে চালক নিয়ন্ত্রণ হারান। পরে ট্রাকটি সড়কের পাশের খাদে পড়ে উল্টে যায়। দুর্ঘটনার পর ট্রাকের নিচে চাপা পড়ে ঘটনাস্থলেই ১৫ জনের মৃত্যু হয়। আহতদের উদ্ধার করে টাঙ্গাইল সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে। ঘটনার পর উদ্ধারকাজ চালাচ্ছে ফায়ার সার্ভিস ও স্থানীয় প্রশাসন। এ বিষয়ে আরও তথ্য সংগ্রহ করা হচ্ছে।

LENS ASIA